

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
মনিটরিং, স্বাস্থ্য প্রতিষ্ঠান অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫৪.১১৬.০০.০০.০০২.২০১৯-৩২

তারিখঃ-০৪/০৪/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ মনিটরিং কমিটির ৬ষ্ঠ সভা।

সভার স্থানঃ মিনি সভাকক্ষ (কক্ষ নং-৩৩৮)  
তারিখঃ ০৩.০৪.২০১৯ খ্রিঃ  
সময়ঃ বিকাল ৩.৩০ ঘটিকা  
সভাপতিঃ জনাব মোঃ আনোয়ার হোসেন  
যুগ্মসচিব (পার) ও সভাপতি, মনিটরিং কমিটি

**উপস্থিতঃ পরিশিষ্ট-ক**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান) বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। কারো কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়।

০২। সভায় বিগত সভার সিদ্ধান্তবাস্তবায়ন অগ্রগতি ও বর্তমান আলোচ্যসূচী সম্পর্কে বিস্তারিত আলোচনা করে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনার বিষয়	সিদ্ধান্ত	দায়িত্ব
<p><b>ক) উপস্থিতি</b> উপস্থিতির অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, গত সপ্তাহান্তে জাতীয় গড় উপস্থিতি ছিল ৭৫.১৮%। সর্বোচ্চ উপস্থিতি ছিল খুলনা বিভাগে ৮৪.০৫% এবং দ্বিতীয় সর্বোচ্চ উপস্থিতি ছিল বরিশাল বিভাগে ৮২.১৪%। কোন বিভাগেরই গড় উপস্থিতি ৭১% এর নিচে দেখা যায়নি। এ পর্যায়ে সভাপতি মনিটরিং এর সাথে যুক্ত সকল পর্যায়ের কর্মকর্তাগণকে বায়োমেট্রিক হাজিরা বৃদ্ধিতে অবদান রাখার জন্য ধন্যবাদ জানান ও তাদের প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান জানান। সদস্য সচিব জানান যে, বায়োমেট্রিক সিস্টেমে সংযুক্ত দেশের ৪৯৫টি প্রতিষ্ঠানের মধ্যে ৪৮৭টি প্রতিষ্ঠানের বায়োমেট্রিক তথ্য পাওয়া গেছে যা প্রায় ৯৮%। সভাপতি এতে সন্তোষ প্রকাশ করে শতভাগ প্রতিষ্ঠান থেকে বায়োমেট্রিক তথ্য প্রেরণের উপর গুরুত্বারোপ করেন এবং কোন প্রতিষ্ঠান থেকে তথ্য পাওয়া না গেলে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা গ্রহণ করার জন্য মনিটরিং কর্মকর্তাগণ কে অনুরোধ জানান।</p>	<p>ক) কোন প্রতিষ্ঠান থেকে বায়োমেট্রিক তথ্য পাওয়া না গেলে মনিটরিং কর্মকর্তাগণ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন।</p> <p>খ) বায়োমেট্রিক মেশিনসমূহ শতভাগ সচল রাখার জন্য পরিচালক (এম আই এস) স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো।</p>	<p>১. সকল মনিটরিং কর্মকর্তা ২. পরিচালক (এম আই এস) স্বাস্থ্য অধিদপ্তর।</p>
<p><b>খ) Check In-Check Out তথ্য</b> ১. উপস্থিতির হার বৃদ্ধি পেলেও বায়োমেট্রিক তথ্য পর্যালোচনায় দেখা যায় যে এখনো Check Out Impression না দেয়ার পরিমাণ অনেক বেশী। বিষয়টিতে উদ্বেগ প্রকাশ করে সভাপতি সংশ্লিষ্ট সিভিল সার্জনগণকে Check Out Impression নিশ্চিত করার পরামর্শ দেন। ২. প্রতিটি প্রতিষ্ঠানের বায়োমেট্রিক Display Summary Sheet-এ 'Present'- 'Absent'- এর পাশাপাশি 'Not Check Out' এবং 'Late' এর লিংকও Display করার ব্যবস্থা করার জন্যও পরিচালক (এম আই এস) প্রতি অনুরোধ জানান। ৩. সভাপতি মনিটরিং কর্মকর্তাগণকে Check In-Check Out তথ্য নিয়মিত মনিটরিং করার পরামর্শ দেন।</p>	<p>১. সিভিল সার্জন সংশ্লিষ্ট জেলায় বায়োমেট্রিক হাজিরা সিস্টেমে কর্মকর্তা ও কর্মচারিগণ যাতে দৈনিক Check In Impression এর পাশাপাশি Check Out Impression-ও প্রদান করেন তা নিশ্চিত করবেন। ২. প্রতিটি প্রতিষ্ঠানে বায়োমেট্রিক এটেনডেন্স সামারি ডিসপ্লেতে বিদ্যমান 'Present', 'Absent' এর পাশাপাশি 'Not Check Out' 'Late' এসব লিংকও দেখানোর ব্যবস্থা করতে হবে। ৩. মনিটরিং কর্মকর্তাগণ Present- Absent এর পাশাপাশি 'Not Check Out' 'Late' এসব তথ্যও মনিটরিং করবেন।</p>	<p>১. সকল সিভিল সার্জন ২. পরিচালক (এম আই এস) স্বাস্থ্য অধিদপ্তর। ৩. সকল মনিটরিং কর্মকর্তা</p>

